
# হানাহানি এড়িয়ে সমঝোতার ভিত্তিতে রাজনীতি করুন: রাষ্ট্রপতি



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

রাজনীতির নামে সংঘাত ও হানাহানিতে না জড়িয়ে আলোচনা এবং পারস্পরিক সমঝোতার মাধ্যমে রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

রোববার (৬ সেপ্টেম্বর) বিকেলে ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে নাগরিক সমাজের উদ্যোগে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, অনেক ত্যাগ ও রক্তপাতের বিনিময়ে বাংলাদেশ অর্জিত হয়েছে। তাই দেশের গণতন্ত্রকে সুরক্ষিত রাখতে এবং শক্তিশালী করতে কার্যকর গণতান্ত্রিক প্রতিষ্ঠান গড়ে তোলা প্রয়োজন।

তিনি বলেন, নির্বাচনের আগে জনগণের কাছে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেগুলো বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। ঠাকুরগাঁওয়ে শিল্পকারখানা স্থাপনের উদ্যোগ নেওয়া হচ্ছে। পাশাপাশি কৃষিখাতে বিনিয়োগ বাড়াতে শিগগিরই বিনিয়োগকারীদের নিয়ে আসার পরিকল্পনার কথাও জানান তিনি।

রাষ্ট্রপ্রধান আরও বলেন, ঠাকুরগাঁওয়ের মানুষ ঝামেলা বা অশান্তি পছন্দ করে না। সবাই নিজ নিজ রাজনৈতিক মতাদর্শ ও কার্যক্রম নিয়ে কাজ করবে, তবে রাজনীতির কারণে কোনো ধরনের সংঘাত বা হানাহানিতে জড়ানো যাবে না।

এ সময় ঠাকুরগাঁওয়ে একটি স্পোর্টস ভিলেজ গড়ে তোলার পরিকল্পনার কথাও জানান রাষ্ট্রপতি।

এর আগে দুপুর সোয়া ১টার দিকে সার্কিট হাউজে পৌঁছালে জেলা পুলিশের একটি সুসজ্জিত দল রাষ্ট্রপতিকে গার্ড অব অনার প্রদান করে। পরে তিনি পারিবারিক কবরস্থানে গিয়ে বাবা-মায়ের সমাধি জিয়ারত করেন এবং তাদের জন্য দোয়া পাঠ করেন।

এর আগে দুপুর ১টার দিকে হেলিকপ্টারযোগে ঠাকুরগাঁও পৌঁছান রাষ্ট্রপতি। দুই দিনের সফর শেষে আগামীকাল ঢাকায় ফেরার কথা রয়েছে তার।